<u>“সোনালী ই-সেবা (Sonali eSheba)” এর ব্যবহার বিধি</u>

<u>একাদশ শ্রেণিতে ভর্তি (XI Class Admission)</u>

“সোনালী ই-সেবা” মোবাইল অ্যাপ এর মাধ্যমে একাদশ শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীগণ আবেদন ফি ও রেজিস্ট্রেশন ফি প্রদানের জন্য নিম্নে প্রদর্শিত ধাপগুলো অনুসরণ করুনঃ

ধাপ-১: অ্যাপটি খুলুন এবং “একাদশ শ্রেণিতে ভর্তি” আইকনে ক্লিক করুন	 সোনালী ই-সেবা অ্যাপটি খুলুন। “**একাদশ শ্রেণিতে ভর্তি**” আইকনে ক্লিক করুন।
ধাপ-২: ফি টাইপ (আবেদন ফি/রেজিস্ট্রেশন ফি) নির্বাচনপূর্বক প্রয়োজনীয় তথ্য প্রদান করুন	 XI Class Admission Payment Fee Type* Application Fee Registration Fee SSC Roll* Board Name* --Select-- Year* --Select-- Contact No* Check Clear Instructions • Select either Application Fee or Registration Fee • Provide your roll • Select Board • Select Year • Provide your valid contact no. ফি টাইপ (আবেদন ফি/রেজিস্ট্রেশন ফি) নির্বাচন করুন এবং আপনার এস.এস.সি. পরীক্ষার রোল নম্বর, শিক্ষাবোর্ডের নাম (ড্রপডাউন থেকে নির্বাচন করুন), পাশের সাল এবং মোবাইল নম্বর প্রদান করে "**Check**" বাটনে ক্লিক করুন। ভুল তথ্য প্রদান করে থাকলে "**Clear**" বাটনে ক্লিক করে পুনরায় সঠিক তথ্য প্রদান করে "**Check**" বাটনে ক্লিক করুন।

<table>
<tr>
<td>ধাপ-৩: প্রদত্ত তথ্যের সঠিকতা যাচাই করুন</td>
<td>

ডিসপ্লেতে প্রদর্শিত সকল তথ্য (নাম, এস.এস.সি. পরীক্ষার রোল নম্বর, শিক্ষাবোর্ডের নাম, পাশের সাল, মোবাইল নম্বর এবং ফি এর পরিমাণ) সঠিক আছে কি না তা check করুন। তথ্য সঠিক থাকলে ফি পরিশোধের জন্য "Payment Request" বাটনে ক্লিক করুন।</td>
</tr>
<tr>
<td>ধাপ-৪: আপনার সুবিধাজনক পদ্ধতিতে ফি পরিশোধ করুন</td>
<td>

ফি পরিশোধের জন্য "OK" বাটনে ক্লিক করার পর চিত্রে প্রদর্শিত Sonali Payment Gateway পেজ প্রদর্শিত হবে। উক্ত পেজ থেকে এবার আপনি আপনার পছন্দমত যে কোন একটি অপশন ব্যবহার করে ফি পরিশোধ করতে পারবেন।</td>
</tr>
<tr>
<td colspan="2">সোনালী ব্যাংক লিমিটেডের যে কোন শাখায় আপনার একাউন্ট থাকলে আপনি "Account Transfer" আইকনে ক্লিক করে আপনার একাউন্ট থেকেই ফি পরিশোধ করতে পারবেন।
আপনি সোনালী ব্যাংক লিমিটেডের ডেবিট/ক্রেডিট/প্রি-পেইড কার্ডধারী হলে কার্ড চিহ্নিত আইকনে ক্লিক করে আপনার কার্ডের মাধ্যমেই ফি পরিশোধ করতে পারবেন।
এছাড়া যে কোন ব্যাংকের ভিসা/মাস্টার কার্ড, এমেক্স কার্ড, ডাচ-বাংলা ব্যাংকের নেক্সাস কার্ড, মোবাইল ব্যাংকিং (bKash, Rocket, UCash) ব্যবহার করেও আপনি ফি পরিশোধ করতে পারবেন।</td>
</tr>
</table>

ধাপ-৫ (ক): সোনালী ব্যাংক লিমিটেড এর একাউন্ট হতে ফান্ড ট্রান্সফারের মাধ্যমে ফি পরিশোধ	 আপনি যদি আপনার একাউন্ট থেকে ফান্ড ট্রান্সফারের মাধ্যমে ফি পরিশোধ করতে চান তাহলে "**Account Transfer**" আইকনে ক্লিক করুন। উপরে প্রদর্শিত দ্বিতীয় ছবির ন্যায় পেজ প্রদর্শিত হবে। আপনার সোনালী ব্যাংক লিমিটেডের একাউন্ট নম্বর, একাউন্টের নাম, একাউন্টের সঙ্গে সংযুক্ত মোবাইল নম্বর নির্দিষ্ট ফিল্ডে প্রদান করে "**Submit Request**" বাটনে ক্লিক করুন। এরপর ব্যাংক একাউন্টের সঙ্গে সংযুক্ত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে একটি OTP (One Time Password) প্রেরিত হবে, যা উপরে প্রদর্শিত তৃতীয় ছবিতে প্রদর্শিত OTP ফিল্ডে প্রদান করে "**Submit Confirmation**" বাটনে ক্লিক করলে সফলভাবে ফি পরিশোধিত হবে এবং ব্যাংক থেকে একটি SMS নোটিফিকেশন মোবাইল নম্বরে প্রেরিত হবে।
ধাপ-৫ (খ): সোনালী ব্যাংক লিমিটেড এর ডেবিট/ক্রেডিট/প্রি-পেইড কার্ডের মাধ্যমে ফি পরিশোধ	 আপনি যদি সোনালী ব্যাংক লিমিটেডের ডেবিট/ক্রেডিট/প্রি-পেইড কার্ডের মাধ্যমে ফি পরিশোধ করতে চান তাহলে **কার্ড চিহ্নিত** আইকনে ক্লিক করুন। উপরে প্রদর্শিত দ্বিতীয় ছবির ন্যায় পেজ প্রদর্শিত হলে "**VISA**" আইকনে ক্লিক করুন। আপনার ডেবিট/ক্রেডিট/প্রি-পেইড কার্ডের নম্বর, কার্ডের মেয়াদয়োত্তীর্ণের মাস ও সাল, কার্ডধারীর নাম এবং কার্ডের পিছনের অংশ হতে সিকিউরিটি কোড তৃতীয় ছবিতে প্রদর্শিত ফিল্ডে প্রদান করে "**Pay now**" বাটনে ক্লিক করলে সফলভাবে ফি পরিশোধিত হবে এবং ব্যাংক থেকে একটি SMS নোটিফিকেশন মোবাইল নম্বরে প্রেরিত হবে।

<table>
<tr>
<td>ধাপ-৫ (গ): যে কোন ব্যাংকের ভিসা/মাস্টার কার্ডের মাধ্যমে ফি পরিশোধ</td>
<td>

আপনি যদি যে কোন ব্যাংকের ভিসা/মাস্টার কার্ডের মাধ্যমে ফি পরিশোধ করতে চান তাহলে "**Cards**" আইকনে ক্লিক করে "**MasterCard**" বা "**QCash**" বা "**VISA**" আইকনে ক্লিক করুন। উপরে প্রদর্শিত দ্বিতীয় ছবির ন্যায় পেজ প্রদর্শিত হলে "**VISA**" বা "**MasterCard**" বা "**Q চিহ্নিত**" আইকনে ক্লিক করুন। আপনার ভিসা/মাস্টার কার্ডের নম্বর, কার্ডের মেয়াদোত্তীর্ণের মাস ও সাল, কার্ডধারীর নাম এবং কার্ডের পিছনের অংশ হতে সিকিউরিটি কোড তৃতীয় ছবিতে প্রদর্শিত ফিল্ডে প্রদান করে "**Pay now**" বাটনে ক্লিক করলে সফলভাবে ফি পরিশোধিত হবে এবং ব্যাংক থেকে একটি SMS নোটিফিকেশন মোবাইল নম্বরে প্রেরিত হবে।</td>
</tr>
<tr>
<td>ধাপ-৫ (ঘ): ডাচ-বাংলা ব্যাংকের নেক্সাস কার্ডের মাধ্যমে ফি পরিশোধ</td>
<td>

আপনি যদি ডাচ-বাংলা ব্যাংকের নেক্সাস কার্ডের মাধ্যমে ফি পরিশোধ করতে চান তাহলে "**Cards**" আইকনে ক্লিক করে "**DBBL NEXUS**" আইকনে ক্লিক করুন। উপরে প্রদর্শিত দ্বিতীয় ছবির ন্যায় পেজ প্রদর্শিত হলে কার্ডধারীর নাম, নেক্সাস কার্ডের নম্বর, কার্ডের পিন ছবিতে প্রদর্শিত ফিল্ডে প্রদান করে "**Submit**" বাটনে ক্লিক করলে সফলভাবে ফি পরিশোধিত হবে এবং ডাচ-বাংলা ব্যাংক থেকে একটি SMS নোটিফিকেশন মোবাইল নম্বরে প্রেরিত হবে।</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>ধাপ-৫ (ঙ): মোবাইল ব্যাংকিং bKash এর মাধ্যমে ফি পরিশোধ</td>
<td>






আপনি যদি মোবাইল ব্যাংকিং bKash এর মাধ্যমে ফি পরিশোধ করতে চান তাহলে "Mobile Banking" আইকনে ক্লিক করে bKash আইকনে ক্লিক করুন। উপরে প্রদর্শিত দ্বিতীয় ছবির ন্যায় পেজ প্রদর্শিত হলে আপনার বিকাশ নম্বরটি প্রদানপূর্বক "Confirm" বাটনে ক্লিক করুন। এরপর আপনার বিকাশ নম্বরে SMS এর মাধ্যমে একটি Verification Code প্রেরিত হবে, যা উপরের তৃতীয় ছবিতে প্রদর্শিত bKash Verification Code ফিল্ডে প্রদান করে "Confirm" বাটনে ক্লিক করলে সফলভাবে ফি পরিশোধিত হবে এবং bKash থেকে একটি SMS নোটিফিকেশন মোবাইল নম্বরে প্রেরিত হবে।
</td>
</tr>
<tr>
<td>ধাপ-৫ (চ): মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে ফি পরিশোধ</td>
<td>




আপনি যদি মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে ফি পরিশোধ করতে চান তাহলে "Mobile Banking" আইকনে ক্লিক করে রকেট আইকনে ক্লিক করুন। উপরে প্রদর্শিত দ্বিতীয় ছবির ন্যায় পেজ প্রদর্শিত হলে আপনার রকেট একাউন্ট নম্বর ও পিন প্রদানপূর্বক "Submit" বাটনে ক্লিক করলে সফলভাবে ফি পরিশোধিত হবে এবং ডাচ-বাংলা ব্যাংক থেকে একটি SMS নোটিফিকেশন মোবাইল নম্বরে প্রেরিত হবে।
</td>
</tr>
</table>

ধাপ-৬: পেমেন্ট স্লিপ সংরক্ষণ	 আপনার পছন্দ অনুযায়ী যে কোন পদ্ধতিতে ফি পরিশোধের পর আপনার মোবাইল স্টোরেজে স্বয়ংক্রিয়ভাবে তৈরিকৃত "**SonalieSheba**" ফোল্ডারে একটি পেমেন্ট স্লিপ (XI Class Admission Fee Payment Slip) সংরক্ষিত হবে। এছাড়া সফলভাবে ফি পরিশোধের পর আপনার মোবাইলে একটি কনফার্মেশন **SMS** প্রেরিত হবে।

Ministry Of Education
Sonali Bank Limited

XI Class Admission Fee Payment Slip

Transaction Id	AA000022	Roll	[illegible]
Date	[illegible]	Board	dha
Fee Type	Application	Year	2019
Student Name	[illegible]	**Fee Amount**	150.00
Contact No	[illegible]		

This Pay Slip has been generated electronically. No signature required.